



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ২০/০৯/২০১৮খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে যুক্ত হলো নতুন ২টি বাস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে যুক্ত হয়েছে আধুনিক মডেলের আরও ২টি বাস। অদ্য ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক শিক্ষার্থীদের সাথে নিয়ে ফিতা কেটে বাস উদ্বোধন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, চেয়ারম্যানবন্দ, প্রভোস্টবন্দ, পরিচালকবন্দ, দপ্তর প্রধানগণ, পরিবহন পুলের ম্যানেজারসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে নতুন এ বাস ২টি সহ মোট বাসের সংখ্যা ৮ টি। যার মধ্যে ৫৪ সিটের ২টি, ৩৬ সিটের ১টি বাস এবং ১টি অত্যাধুনিক এ্যাম্বুলেন্স বর্তমান উপাচার্য মহোদয়ের সময়ে ক্রয় করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ৮টি পরিবহনের পাশাপাশি বিআরটিসি হতে লিজকৃত ৭টি বাসসহ সর্বমোট ১৫টি বাস শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী পরিবহনে নিয়োজিত রয়েছে। এর বাহিরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ২টি মাইক্রোবাসও রয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস